

B.A. Semester-III Examination, 2022-23**বাংলা [অনার্স]**

Course ID : 30111

Course Code : AH/BNG/301/C-5

Course Title : বাংলা সংস্কৃতি চর্চা

সময় : ২ ঘন্টা

পূর্ণমান : ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

- ১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $২ \times ৫ = ১০$
- ক) 'ইতিহাস ও সংস্কৃতি' প্রবন্ধটি কবে কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছে?
- খ) 'ইতিহাস ও সংস্কৃতি' প্রবন্ধে উল্লেখিত বঙ্গদেশে আগত দুইজন চৈনিক পরিব্রাজকের নাম লেখো।
- গ) 'সংস্কৃতির গোড়ার কথা' প্রবন্ধে লেখকের মতে বৈজ্ঞানিক দৃষ্টিতে সংস্কৃতি কী?
- ঘ) 'সোয়ান কালচার' কী?
- ঙ) 'লোক ঐতিহ্যের দর্পণে' গ্রন্থে লোকঐতিহ্য বলতে কী বোঝানো হয়েছে?
- চ) বসুধারা ব্রত কী? এটি কোন্ মাসে অনুষ্ঠিত হয়?
- ছ) 'পরশ্রীকাতরতা' ও 'পরশ্রীকাতরতা' শব্দ দুটির অর্থ লেখো।
- জ) 'বৈশাখ নিয়ে তো আমাদের দুটো ভয়'—'দুটো ভয়' বলতে কী কী বোঝানো হয়েছে?

(পরের পাতায়)

- ২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ২ = ১০$

- ক) 'বাঙ্গালী ঘরমুখোই রহিয়া গেল।'—প্রাবন্ধিক সুনীতি কুমার চট্টোপাধ্যায় কোন্ প্রসঙ্গে একথা বলেছেন?
- খ) 'সংস্কৃতির গোড়াকার কথা তাই জীবিকা অর্থাৎ আর্থিক উদ্যোগ'—প্রবন্ধ অবলম্বনে উক্তিটির যথার্থতা বুঝিয়ে দাও।
- গ) লোকায়ত জীবনে নারী-কেন্দ্রিক যাদু-বিশ্বাসের সংক্ষিপ্ত পরিচয় দাও।
- ঘ) 'ক্লাসিক কেন পড়বে?'—এ বিষয়ে প্রাবন্ধিক কী বলতে চেয়েছেন সংক্ষেপে আলোচনা করো।

- ৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$

- ক) 'ইতিহাস ও সংস্কৃতি' প্রবন্ধে সংস্কৃতির যে চিত্র সুনীতিকুমার চট্টোপাধ্যায় উল্লেখ করেছেন তা নিজের ভাষায় লেখো।
- খ) 'সংস্কৃতির গোড়ার কথা' প্রবন্ধ অবলম্বনে একটি যুগের সংস্কৃতির সমগ্র রূপটি কীভাবে ফুটে ওঠে তা ব্যাখ্যা করো।
- গ) 'সামাজিক নিয়ন্ত্রণে ট্যাবুর যে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা আছে তা অনস্বীকার্য।'—প্রাবন্ধিকের এই মতটির গুরুত্ব পাঠ্য প্রবন্ধ অবলম্বনে বিশ্লেষণ করো।
- ঘ) 'রবিবারের বাঙালি' গ্রন্থে বিশেষ এক প্রকার বাঙালি জীবনের যে ছবি ধরা পড়েছে তা আলোচনা করো।